দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 11 1 ৮ ... 2009 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৭ ......

আট মাস আন্দোলনের পর

# ফিজিওথেরাপি কলেজের ভিত্তিপ্রস্তর স্থাপন

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

দীর্ঘ প্রতিক্ষার পর গতকাল বুধবার সকালে ফিজিওথেরাপি কলেজের ভিত্তি প্রস্তর স্থাপন করেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী ডা. আ ফ ম. রুহুল হক। দেশের প্রথম এই কলেজের ভিত্তি প্রস্তর মহাখালীর আইপিএইচ স্কুল ও কলেজ সংলগ্ন স্বাস্থ্য অধিদপ্তরের ৫.২৮ একর জায়গায় স্থাপন করা হয়েছে। অনুষ্ঠানে স্বাস্থ্যমন্ত্রী বলেন, কলেজ নির্মাণের সকল প্রস্তুতি সম্পন্নের পরেও প্রশাসনিক জটিলতার কারণে এর বাস্তবায়ন ঝুলে ছিল। দ্রুত কলেজের নির্মাণ কাজ শুরু হবে। কলেজটি একটি পূর্ণাঙ্গ স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা হবে বলে তিনি জানান। ভিত্তি প্রস্তর স্থাপন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর স্বাস্থ্য বিষয়ক উপদেষ্টা ডা. সৈয়দ মোদাচ্ছের আলী, স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা. শাহ মনির হোসেন প্রমুখ।

প্রায় দীর্ঘ ৮ মাস বাংলাদেশ ফিজিওথেরাপি স্টুডেন্টস ইউনিয়নের ব্যানারে আন্দোলনের পরিপ্রেক্ষিতে সরকার ফিজিওথেরাপি কলেজে স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করে। কলেজ প্রতিষ্ঠার দাবিতে ফিজিওথেরাপি কলেজের শিক্ষার্থীরা গত ২৪ মে শহীদ মিনারে তৃতীয় দফা আমরণ অনশন করে। অনশনের নয় দিন পরে গত ২ জুন গণআত্মহুতির সিদ্ধান্ত গ্রহণ করলে সরকারের টনক নড়ে। ঐদিন স্বাস্থ্যমন্ত্রী ও প্রধানমন্ত্রীর স্বাস্থ্য বিষয়ক উপদেষ্টা উপস্থিত হয়ে আগামী এক সপ্তাহের মধ্যে কলেজ প্রতিষ্ঠার প্রতিশ্রুতি দিয়ে শিক্ষার্থীদের অনশন ভাঙ্গান। কলেজ-উদ্বোধনের সময় স্বাস্থ্য মন্ত্রণালয়, স্বাস্থ্য অধিদপ্তর এবং সরকারের উচ্চ পদস্থ কর্মকর্তারা উপস্থিত থাকবেন। উল্লেখ্য, এর আগে শিক্ষার্থীরা একই দাবিতে ২০০৮ সালের ২৫ নভেম্বর থেকে আমরণ অনশন শুরু করেছিল। পরবর্তীতে দাবি বাস্তবায়ন না হওয়ায় তারা গত ১৭ জানুয়ারী দ্বিতীয় দফা অনশন শুরু করে।